

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী


সভার তারিখ ও বার : ০৩/০৪/২০২২ খ্রিঃ, রোজ-রবিবার
সময় : সকাল- ১১.০০ মি.
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ এর অফিস কক্ষ
সভাপতি : জনাব রেহানা বেগম. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী/ আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত হয়। অতঃপর সভাপতি মহোদয় উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও সংস্কৃতি বিষয়ক উপজেলা স্ট্যান্ডিং কমিটির সদস্য সচিবকে উপজেলার সাংস্কৃতিক বিষয়ক সার্বিক কার্যক্রম ও যে সকল সমস্যা আছে তা আলোচনা করার জন্য অনুরোধ করেন।

ক্রমিক নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্তসমূহ
০১	উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব জানান যে, আগামী ১৪ এপ্রিল ২০২২খ্রিঃ তারিখে বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমি উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচি, প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে। উক্ত কর্মসূচি যথাযথভাবে পালনে সকল সম্মানিত সদস্যদের মূল্যবান দিক-নির্দেশনা এবং সার্বিক সহযোগিতা কামনা করা হয়।	সভায় সকলে এ কর্মসূচী বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
০২	উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব বলেন যে, শ্রীনগর উপজেলায় সাংস্কৃতিক কার্যক্রম এবং চর্চা শুদ্ধভাবে করা এবং স্কুল-কলেজের ছাত্র/ছাত্রীদের এ বিষয়ে উদ্বুদ্ধ করার জন্য প্রশিক্ষিত সাংস্কৃতিক ব্যক্তিত্বদের নিয়ে বিভিন্ন স্কুল-কলেজে সভা-সেমিনার এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে এবং এ ব্যাপারে সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের পরামর্শমূলক দিক-নির্দেশনা এবং সহযোগিতা কামনা করা হয়।	সভায় সকলে এ কর্মসূচী বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের নিকট আর্থিক সহযোগিতার সুপারিশ করা হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেহানা বেগম)

সভাপতি

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- সাংবিউক/শ্রীনগর/মুন্সীগঞ্জ/২০১৪/১৩(৭)

তারিখ : ০৩/০৪/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৬। চেয়ারম্যান, ষোলঘর ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ ও সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি।
- ৭। অফিস নথি

পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম ও পদবী	স্বাক্ষর
১	মোঃ বেহালা বেগম	বেহালা
২	মোঃ নওশির উদ্দিন সহকারী উপজেলা সিন্ডিকেট অফিসার	Nawshir 03/4/2022
৩	সহকারী অফিসার উপজেলা স্বাস্থ্যসেবা সিন্ডিকেট অফিসার	Shamim 03.4.2022
৪	মোঃ কাজীম হোসেন উপজেলা সিন্ডিকেট বিসময়ক কর্মকর্তা	Shamim 03/4/2022

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বাংলাদেশ শিশু একাডেমি
শ্রীনগর উপজেলা শাখা, মুন্সীগঞ্জ।

স্মারক নং-সংবিউক-বাশিএ/শ্রী-মুন্সী/২০১৪/১০(০৮)

তারিখঃ ২২/০৩/২০২২খ্রিঃ

বিষয় : উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির সভায় অংশগ্রহণ প্রসংগে।

জনাব,

সবিনয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৩/০৪/২০২২খ্রিঃ তারিখ রোজ-রবিবার, সকাল-১১.০০ ঘটিকায় উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। কমিটির একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভায় আলোচ্যসূচি :

- ১। আগামী ১৪ এপ্রিল বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচির আয়োজন প্রসংগে।
- ২। বিবিধ।



(মোঃ শামীম হোসেন)

উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি

শ্রীনগর, মুন্সীগঞ্জ

স্মারক নং-সংবিউক-বাশিএ/শ্রী-মুন্সী/২০১৪/১০(০৮)

তারিখঃ ২২/০৩/২০২২খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে :

- (১) মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- (২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- (৩) উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ

অনুলিপি সদয় কার্যার্থে :

- (১) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর ও সভাপতি, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি
- (২) সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক কমিটি
- (৩) অফিস নথি

(মোঃ শামীম হোসেন)

উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা

শ্রীনগর, মুন্সীগঞ্জ